# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 06 April, 2025

সরকারবিরোধী আন্দোলনের সময় সহকর্মী আইনজীবীদের মারধর, চেম্বারে হামলা ও হত্যাচেষ্টার মামলায় আওয়ামী লীগপন্থী ৭০ জন আইনজীবীকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত।একই মামলায় ঢাকা আইনজীবী সমিতির সাবেক সভাপতি আবু সাঈদ সাগর ও ৯ নারী আইনজীবী জামিন পেয়েছেন।

রবিবার (৬ এপ্রিল) ঢাকা মহানগর দায়রা জজ মো. জাকির হোসেন এই আদেশ দেন।বিষয়টি নিশ্চিত করেছেন ঢাকা আইনজীবী সমিতির অ্যাডহক কমিটির সভাপতি ও বাদীপক্ষের আইনজীবী খোরশেদ আলম মিয়া।

আদালত সূত্রে জানা গেছে,মামলাটিতে অভিযুক্ত ৮০ জন আওয়ামী লীগ সমর্থক আইনজীবী আজ আদালতে আত্মসমর্পণ করে জামিনের আবেদন করেন।তাদের পক্ষ থেকে জানানো হয়, তাঁরা উচ্চ আদালত থেকে ৮ সপ্তাহের অন্তর্বর্তীকালীন জামিন নিয়েছিলেন এবং জামিনের মেয়াদ শেষ হচ্ছে আগামীকাল (সোমবার)।তাঁরা পলাতক হবেন না, এ নিশ্চয়তা দিয়ে জামিন চান।

তবে রাষ্ট্রপক্ষ জামিনের বিরোধিতা করে।শুনানি শেষে বিচারক ৭০ জনের জামিন আবেদন নামঞ্জুর করে তাঁদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন।অন্যদিকে, সাবেক সভাপতি আবু সাঈদ সাগরসহ ৯ জন নারী আইনজীবীকে জামিন প্রদান করা হয়।

এর আগে, বৈষম্যবিরোধী আন্দোলনের সময় সংঘটিত সহিংস ঘটনায় ঢাকা আইনজীবী সমিতির সদস্যদের ওপর হামলা, চেম্বার ভাঙচুর ও হত্যাচেষ্টার অভিযোগে আওয়ামী লীগপন্থী ১৪৪ জন আইনজীবীর বিরুদ্ধে মামলা করা হয়।পরে ১১৫ জন আইনজীবী উচ্চ আদালত থেকে অন্তর্বর্তীকালীন জামিন নেন।

আজ যাঁরা আত্মসমর্পণ করেছেন, তাঁরা সেই জামিনের মেয়াদ শেষ হওয়ার একদিন আগেই নিম্ন আদালতে হাজির হন।

আদালত আন্দোলন আইনজীবী কারাগার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:26

URL: https://www.timestodaybd.com/national/385749266